

## ইন্টার্নশিপের জন্য দরখাস্ত আহ্বান বিজ্ঞপ্তি

ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর আওতায় বন্ত্র ও পাট মন্ত্রণালয় এর অধীন বন্ত্র অধিদপ্তরে তিন (০৩) মাস মেয়াদে ০৫ (পাঁচ) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০১। ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:

(ক) বন্ত্র অধিদপ্তরাদীন সকল (৪টি) শাখার কার্যাবলী (খ) বন্ত্র নীতি-২০১৭, বন্ত্র আইন-২০১৮ এবং বন্ত্রশিল্প (নিবন্ধন ও ওয়ান স্টপ সার্ভিস কেন্দ্র) বিধিমালা, ২০২১ অনুযায়ী পোষক সংক্রান্ত কার্যক্রমের ধারণা (গ) পরিবেশবান্ধব ও টেকসই বন্ত্রশিল্প সম্পর্কে ধারণা, (ঘ) বন্ত্র রপ্তানি ও আন্তর্জাতিক বাজার সম্পর্কে ধারণা এবং বন্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত বন্ত্র কারখানা পরিদর্শন।

০২। আবেদনের যোগ্যতা:

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(গ) বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে;

(ঘ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং

(ঙ) ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবেন।

০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৪। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

০৬। বন্ত্র অধিদপ্তর নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

০৭। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।

০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।

০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।

১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংশ্লিষ্ট তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।

১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে বন্ত্র অধিদপ্তর বা এর আওতায় বাস্তবায়নাধীন কোনো প্রকল্পে বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবেন না।

১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

১৫। ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে বন্ত্র অধিদপ্তর এর ওয়েবসাইট [www.dot.gov.bd](http://www.dot.gov.bd) থেকে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণকরতঃ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্তপূর্বক আবেদনপত্র আগামী ২০ মার্চ ২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি, ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে মহাপরিচালক, বন্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ এর বরাবরে পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে; এবং

১৬। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।



(আরিফুর রহমান খান)

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বন্ত্র অধিদপ্তর, ঢাকা।